ইতিকাফে থাকলে নারীরা কি ঘরের কাজ করতে পারবেন?



ছবি: সংগৃহীত

রমজানের শেষ দশকে ইতিকাফ একটি গুরুত্বপূর্ণ ইবাদত। এক হাদিসে রাসুল (সা.) বলেছেন, আল্লাহর সন্তুষ্টির উদ্দেশ্যে কেউ একদিন ইতিকাফ করলে আল্লাহ তার ও জাহান্নামের মাঝখানে তিন পরিখা পরিমাণ দূরত্ব সৃষ্টি করেন; প্রতিটি পরিখা আসমান-জমিনের ব্যবধানের সমান।

পুরুষদের জন্য শেষ দশকের ইতিকাফ সুন্নতে মুয়াক্কাদা আলাল কিফায়া অর্থাৎ কোনো মহল্লার মসজিদে একজন আদায় করলেই সবার দায় সারা হয়। নারীদের জন্য ইতিকাফ মুস্তাহাব। তারা মসজিদে নয়, ঘরে নির্ধারিত একটি স্থানে ইতিকাফ করবেন। আগে থেকে নামাজের জায়গা নির্দিষ্ট না থাকলে ইতিকাফের নিয়তে আলাদা স্থান ঠিক করে নিতে হবে।

নারীদের ইতিকাফের সেই নির্ধারিত স্থান শরিয়তের দৃষ্টিতে তাদের জন্য মসজিদের বিধানের মতো। তাই প্রয়োজন ছাড়া সেখান থেকে বের হওয়া বৈধ নয়। রান্নাবান্না বা গৃহস্থালি কাজের জন্য বাইরে গেলে ইতিকাফ ভেঙে যাবে।

তবে বাইরে থেকে খাবার এনে দেওয়ার মতো কেউ না থাকলে প্রয়োজনের কারণে খাবার আনতে বের হওয়া যাবে। শর্ত হলো, কাজ শেষ করে সঙ্গে সঙ্গে ইতিকাফের স্থানে ফিরে আসতে হবে; অপ্রয়োজনে বাইরে থাকা যাবে না।

ইতিকাফের নির্ধারিত স্থানের ভেতরে থেকে হালকা গৃহকর্ম—যেমন আটা মাখা, রান্না বা কাপড় ধোয়া—করা জায়েজ। তবে উত্তম হলো, ইতিকাফ শুরুর আগে প্রয়োজনীয় কাজের ব্যবস্থা করে নেওয়া, যাতে পুরো সময় ইবাদতে মনোযোগ দেওয়া যায়।

তথ্যসূত্র: ফাতওয়ায়ে বানুরী টাউন, ফাতওয়ায়ে হিন্দিয়া।